

তারিখ : ৩১/০১/২০০৫

## একুশে একাডেমী অস্ট্রেলিয়ার প্রতিবাদ

গত ২৭শে জানুয়ারী ২০০৫ বাংলাদেশের সিলেটে স্থানীয় আওয়ামী লীগের জনসভায় বর্বরোচিত বোমা হামলা ও হতাহতের সংবাদে একুশে একাডেমী অস্ট্রেলিয়া গভীরভাবে শংকিত ও উদ্বিগ্ন । একের পর এক জনসভায় এ ধরনের হত্যাযজ্ঞ দেশ ও জাতিকে এক গভীর অঙ্ককারচ্ছন্ন ভবিষ্যতের দিকে ধাবিত করছে । হত্যাকারী যে-ই হউক, তার পরিচিতি শুধুই হত্যাকারী । সে ঘৃণ্য ও খুনী । যে কোনো হত্যাকারী সত্য সমাজে স্বাভাবিক জীবন যাপনের অধিকার রাখে না । একুশে একাডেমী অস্ট্রেলিয়া এধরনের ন্যূন্স হত্যাযজ্ঞ সহ সকল ঘৃণ্য কর্মকাণ্ড অন্তিবিলম্বে বন্ধ ও এর সাথে জড়িত ব্যক্তিদের চিন্হিত ও দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার জন্য সরকারের প্রতি জোর দাবী জানাচ্ছে ।

নির্মল পাল  
সভাপতি

ডঃ সুলতান মাহমুদ  
সাধারণ সম্পাদক